# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 07-07-2026** **Time: 1.40 PM**

বারুইপুরে নাবালিকা ধর্ষণ ও হত্যা মামলায় অভিযুক্তদের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার বিভিন্ন ধারার পাশাপাশি পকসো আইনেও মামলা রুজু করা হয়েছে। এই ঘটনায় গ্রেফতারের সংখ্যা এপর্যন্ত ৩। মূল অভিযুক্ত আনন্দ সর্দারকে আজ বারুইপুর মহকুমা আদালতে পেশ করা হচ্ছে। আগেই গ্রেফতার হওয়া প্রভাস মন্ডল ও দীবাকর সরদারকে ১৪ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। রাজ্য পুলিশের মহা নির্দেশক সিদ্ধিনাথ গুপ্তা এবং বারুইপুর জেলা পুলিশের এস আই টি-র সদস্যরা ঘটনাস্থল ঘুরে দেখেছেন। সিসিটিভির ফুটেজও তারা খতিয়ে দেখেন। জাতীয় মহিলা কমিশন বারুইপুর কান্ডের রিপোর্ট তলব করেছে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ওই ঘটনার পর থেকে নির্যাতিতার পরিবারের সঙ্গে যোগাযোগ রেখেছেন। আজ তিনি বারুইপুর যাবেন।

বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, সাংসদ কাকোলি ঘোষ দোস্তিদার, রাজ্যের মন্ত্রী অগ্নিমিত্রা পাল, বিজেপি নেত্রী – লকেট চট্টোপাধ্যায় এবং ফাল্গুনী পাত্র আজ সকালে বারুইপুর যান ও পরিবারের সঙ্গে কথা বলেন।

এদিকে, বারুইপুর, নরেন্দ্রপুর এবং সোনারপুর থানা এলাকায় শান্তি বজায় রাখতে ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ ধারা বলবৎ করা হয়েছে।

oooooooooooooooooooooooo

বারুইপুর সফরের আগে তদন্তের অগ্রগতি খতিয়ে দেখতে বিশেষ তদন্তকারী দল (সিট)-এর সদস্যদের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠক করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বারুইপুর কাণ্ডের তদন্তে গঠিত সিটের সমস্ত তদন্তকারী আধিকারিক এই বৈঠকে উপস্থিত ছিলেন। তদন্তের বর্তমান অগ্রগতি, ফরেন্সিক রিপোর্ট, অভিযুক্তদের জিজ্ঞাসাবাদ, পলাতকদের খোঁজ এবং পরবর্তী তদন্তের রূপরেখা নিয়ে বিস্তারিত আলোচনা হয় বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

মূল অপরাধের পাশাপাশি ঘটনার পরবর্তী অশান্তি, গণপিটুনি, রেল অবরোধ এবং ভাঙচুর সংক্রান্ত মামলাগুলির তদন্তও দ্রুত শেষ করার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। তদন্তে কোনও গাফিলতি বরদাস্ত করা হবে না বলেও বৈঠকে স্পষ্ট বার্তা দেওয়া হয়েছে।

এই বৈঠকের পরই বারুইপুরে যাওয়ার কথা রয়েছে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর। সেখানে তিনি নির্যাতিতার পরিবারের সঙ্গে দেখা করবেন এবং প্রশাসনের শীর্ষ আধিকারিকদের নিয়ে আইনশৃঙ্খলা পরিস্থিতিও পর্যালোচনা করবেন।

ooooooooooooooooooooooooo

বারুইপুরের ঘটনার প্রতিবাদে কালীঘাট তৃণমূল কংগ্রেস, বালিগঞ্জ ফাঁড়ি থেকে ল্যান্ডসডাউন মার্কেট পর্যন্ত মিছিল করতে চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে। পুলিশ গতকাল মিছিলের অনুমতি না দেওয়ায় আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়, বিচারপতি সৌগত ভট্টাচার্যের বেঞ্চে দৃষ্টি আকর্ষণ করে মামলা দায়ের করার আবেদন জানান। বেলা ২-টোর সময় সেই আবেদনের শুনানি হবে বলে জানা গেছে।

oooooooooooooooooooooooo

নাবালিকা নির্যাতন ও হত্যা নিয়ে উত্তপ্ত পরিস্থিতির মধ্যেই ফুটবল খেলাকে কেন্দ্র করে বিবাদের জেরে বারুইপুরে ১৭ বছরের এক কিশোরের হত্যার ঘটনায় তীব্র উত্তেজনা ছড়িয়েছে। ফুলতলা এ ব্লকের বাসিন্দা প্রসেনজিত্ বিশ্বাসের সঙ্গে দিন তিনেক আগে ফুটবল ম্যাচে জয়ী হওয়াকে কেন্দ্র করে কয়েকজন যুবকের বিবাদ হয়। গতকাল প্রসেনজিতকে ডেকে নিয়ে গিয়ে ধারালো অস্ত্র দিয়ে হামলা চালানো হয় বলে অভিযোগ। রক্তাক্ত অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

এই ঘটনায় পুলিশ পাঁচ জনকে গ্রেপ্তার করেছে।

<u>ooooooooooooooooooo</u>

তৃণমূল কংগ্রেসের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সন্দেহজনক তহবিল যোগানো এবং অসৎ আর্থিক লেনদেন মামলায় ইডি আজ কলকাতায় পাঁচটি জায়গায় তল্লাশি চালিয়েছে। ইডি-র প্রাথমিক তদন্তে উঠে এসেছে, বিমান পরিবহণ এবং ভ্রমণ সংস্থার মাধ্যমে সন্দেহজনক উদ্দেশ্যে দেড়শো কোটি টাকারও বেশি ওই অ্যাকাউন্টে পাঠানো হয়েছে। বৌ-বাজার ও লালবাজার সংলগ্ন এলাকায় দুটি

ট্যুর অ্যান্ড ট্রাভেল সংস্থাতে ইডি তল্লাশি চালিয়েছে। দুটি সংস্থাই অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ঘনিষ্ঠ বলে সন্দেহ করা হচ্ছে।

oooooooooooooooooooo

বিধাননগর সাইবার থানার মামলায় অভিষেক বন্দ্যোপাধ্যায়কে কণ্ঠশ্বরের নমুনা দেওয়ার জন্য কলকাতা হাইকোর্ট মৌখিকভাবে বলেছে। বিচারপতি সৌগত ভট্টাচার্য আজ বলেছেন, আদালত শ্রী বন্দ্যোপাধ্যায়কে রক্ষাকবচ দিয়েছে, তবে তদন্তে সবরকম সহযোগিতা তাকে করতে হবে। শ্রী বন্দ্যোপাধ্যায়ের আইনজীবী তাতে আপত্তি জানালে রাজ্যের পক্ষে অতিরিক্ত অ্যাডভোকেট জেনারেল রাজদীপ মজুমদার নমুনা পরীক্ষা করার জন্য অভিষেক-কে নমুনা দিতে যাওয়ার পক্ষে সোয়াল করেন। বিচারপতি এরপর বলেন, তদন্তে সহযোগিতা করার পর সব পক্ষের আবেদনের শুনানি গ্রহণ করা হবে।

oooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগণায় তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক ব্যানার্জীর সেবাশ্রয় প্রকল্প নিয়ে জোড়া এফআইআর-এর পর নতুন অভিযোগ দায়ের করেছেন বিজেপি নেতা অভিজিত দাস ববি। গতসন্ধ্যায় পারুলিয়া কোস্টাল থানায় অভিষেক ছাড়াও সুমিত রায়, জাহাঙ্গীর খান, শামিম আহমেদ সহ তৎকালীন জেলাশাসক ও স্বাস্থ্য কর্তাদের বিরুদ্ধে অভিযোগ করেন তিনি। তাঁর দাবি, গত ১০ ই জুন সরিষার হিংচাবেড়িয়া এলাকা থেকে মাটি খুঁড়ে প্রচুর পরিমাণে ওষুধ উদ্ধার হলেও পুলিশ এই ঘটনার উপযুক্ত তদন্ত করেনি।

oooooooooooooooooo

কোচবিহারের শীতকুচিতে মৃত এক সিপিআই এম কর্মীর পরিবারের সঙ্গে দেখা করতে গেলে মীনাক্ষী মুখার্জী সহ দলের অন্যান্য নেতৃত্বকে লক্ষ্য করে আজ গো-ব্যাক শ্লোগান এবং গাড়িতে ঢিল ছোঁড়ার অভিযোগ উঠেছে বিজেপি কর্মীদের বিরুদ্ধে।

বিজেপি-র বক্তব্য এলাকায় সাম্প্রদায়িকতা ছড়ানোর বিরুদ্ধে সাধারণ মানুষ প্রতিবাদ জানিয়েছে।

oooooooooooooooooooo

আজকের প্রসঙ্গে এবারের বিষয় প্রধানমন্ত্রীর ইন্দোনেশিয়া সফর ও সে দেশে প্রবাসী বাঙ্গালীদের জীবনযাত্রা। প্রধানমন্ত্রীর সফরসঙ্গী আমাদের প্রতিনিধি সন্দীপন দাশগুপ্ত কথা বলেছেন সেখানে বসবাসকারী ভারতীয়দের সঙ্গে। অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি ডিটিএইচ বাংলা এবং আকাশবাণী কলকাতা সংবাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

oooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের তিনটি রাজ্যসভা আসনে উপনির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হবে।

আগামী ২৪ জুলাই ঐ তিনটি আসনে উপনির্বাচন হবে। মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন ১৪ জুলাই, পরদিন জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা নিরীক্ষা করা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৭ জুলাই। ২৪ জুলাই সকাল ৯টা থেকে বিকেল ৪টে পর্যন্ত ভোট নেওয়া হবে। ঐ দিনই বিকেল ৫টা থেকে ভোটগণনা।

oooooooooooooooooooo

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের সৃষ্ট নিম্নচাপটি আরও পশ্চিম উত্তর-পশ্চিমে অগ্রসর হয়েছে। ফলে দক্ষিণবঙ্গে আজ থেকে বৃষ্টির পরিমাণ কমেছে। দক্ষিণ ২৪ পরগনা পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় বজ্রবিদ্যুৎ এবং দমকা হাওয়া সহ বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কলকাতা ও আশপাশের এলাকায় আকাশ মেঘলা থাকবে দু এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা। গত ২৪ ঘন্টায় দক্ষিণবঙ্গের সব থেকে বেশি বৃষ্টির রেকর্ড করা হয়েছে পুরুলিয়ার শিমুলিয়ায় প্রায় ৪৯ মিলিমিটার। এদিকে উত্তরবঙ্গে আজ থেকে বৃষ্টির পরিমাণ আরও বাড়বে। ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে হিমালয় সন্নিহিত ৫ জেলাতেই। গত ২৪ ঘন্টায় কালিম্পং এর পেডংয়ে ৮১ মিলিমিটারের বেশি বৃষ্টির রেকর্ড করা হয়েছে। দার্জিলিং ও কালিম্পং জেলায় অতি বৃষ্টির কারণে ভূমিধসের সতর্কতাও দেওয়া হয়েছে। মৎস্যজীবীদের আজ সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

oooooooooooooooooo

oooooooooooooooooo